# নাটমুড়া পুকুরিয় উচ্চ বিদ্যালয়

বাঁশখালী, চট্টগ্রাম।

তারিখঃ ২৯/১২/২০১৯ ইং।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা ২৮/১২/২০১৯ ইং তারিখ অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারী পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ২৯/১২/২০১৯ ইং তারিখ ছেলে ও মেয়েদের পৃথক ফলাফল এর তালিকা প্রকাশিত হলো। যে সমস্ত পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে তাদের ভর্তি প্রক্রিয়া আগামী ০১/০১/২০২০ ইং তারিখ হতে শুরু হবে এবং আগামী ০৯/০১/২০২০ ইং তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ০১ টা পর্যন্ত চলবে। উক্ত সময়ের মধ্যে যারা ভর্তি হতে পারবে না তাদের ভর্তি আবেদন বিদ্যালয়ের নিয়ম অনুযায়ী বাতিল হবে।

ভর্তির নিয়মাবলী ঃ

০১। ভর্তি হওয়ার দিন অবশ্যই শিক্ষার্থীর পিতা/ মাতা/ উপযুক্ত অভিভাবককে শিক্ষার্থীকে সাথে নিয়ে উপস্থিত হতে হবে।

০২। ভর্তি হওয়ার সময় যা আনতে হবে ঃ

ক) পূর্বে যে বিদ্যালয়ে অধ্যয়নরত ছিল সেই বিদ্যালয়ের প্রশংসাপত্রের মূলকপি।

খ) প্রাথমিক সমাপনী পরীক্ষার মার্কশীটের ফটোকপি।

গ) পিতা ও মাতা উভয়ের $A_4$ সাইজের কাগজে উঠানো **NID** কার্ডের ফটোকপি।

ঘ) ভর্তি ফি বাবদ নিম্নলিখিত হাওে ফি পরিশোধ পূর্বক ভর্তি হতে হবে।

| শ্রেণি | সেশন ফি | চলিত মাসের বেতন | মোট |
|---|---|---|---|
| ৬ষ্ঠ শ্রেণি | ৫০০/- | ৭০/- | ৫৭০/- |
| ৭ম শ্রেণি | ৫০০/- | ৮০/- | ৫৮০/- |
| ৮ম শ্রেণি | ৫০০/- | ৮০/- | ৫৮০/- |
| ৯ম শ্রেণি | ৫০০/- | ১০০/- | ৬০০/- |
| ১০ম শ্রেণি | ৫০০/- | ১০০/- | ৬০০/- |

উল্লেখ্য যে, যে সমস্ত শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করে নাই তাদের জন্য আগামী ১২/০১/২০২০ ইং তারিখ সর্বশেষ বিশেষ ভর্তি পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গত ২৮/১২/২০১৯ ইং তারিখের ভর্তি পরীক্ষায় যে সমস্ত শিক্ষার্থী উত্তীর্ণ হতে পারে নাই তারা বিদ্যালয়ের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে ভর্তির আবেদন নবায়ন পূর্বক আগামী ১২/০১/২০২০ ইং তারিখে অনুষ্ঠেয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

আরো উল্লেখ করা যাচ্ছে যে, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণিতে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীর ভর্তি পরীক্ষাও আগামী ১২/০১/২০২০ ইং তারিখ সকাল ১১ ঘটিকায় অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে আগামী ৩০/১২/২০১৯ ইং হতে ০৯/০১/২০২০ ইং পর্যন্ত ফরম বিতরণ ও গ্রহণ করা হবে।

শিক্ষার্থীদের অবগতির জন্য আরো জানানো যাচ্ছে যে, আগামী ৩১ ডিসেম্বর ২০১৯ ইং অত্র বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে এবং আগামী ১লা জানুয়ারী ২০২০ ইং তারিখ সকাল সাড়ে ১০ ঘটিকায় উৎসব মুখর পরিবেশে উক্ত বিদ্যালয়ে "বই উৎসব দিবস" পালিত হবে ইনশাআল্লাহ। অধ্যয়নরত ও নবাগত সকল শিক্ষর্থীকে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেওয়া গেল।

29/12/19

(মোহাম্মদ ইউনুছ)
প্রধান শিক্ষক/সচিব (ভারপ্রাপ্ত)
নাটমুড়া পুকুরিয়া উচ্চ বিদ্যালয়
বেলগাঁও, বাঁশখালী, চট্টগ্রাম।